প্রত্যয়

Pratyay

प्रत्यय

State Council of Educational Research & Training (WB)

25/3, Ballygunge Circular Road, Kolkata - 700 019

Volume - 1 MARCH, 2006 No - 2

State Council of Educational Research & Training (WB)
25/3, Ballygunge Circular Road,
Kolkata - 700 019

Pratyay

A journal published by SCERT (WB) for National Population Education Project of NCERT.

Editor : Dr. Rathindranath De
Director, SCERT (WB)

Assistant Editors : Sri Hirak Kumar Barik
Dr. Urmi Chakraborty
Smt. Anasuya Ray Chaudhuri
Smt. Sridebi Dasgupta

Cover Design : Smt. Sridebi Dasgupta

Published by : Director
State Council of Educational Research & Training (WB)
25/3, Ballygunge Circular Road
Kolkata - 700 019

Printed by : Naba Bharati Prakashani
6-B, Ramanath Majumder Street
Kolkata - 700 009

CONTENTS

CONTRIBUTORS TO THIS ISSUE

	Name	Affiliation
1.	Sri Ashok Bhattacharya	MIC, Urban Development and Municipal Affairs, Govt. of West Bengal
2.	Prof. Prasanta Roy	Former Head of the Department, Sociology, Presidency College, Kolkata. At present, visiting professor at Institute of Developmental Studies, Kolkata.
3.	Prof. Amit Bhattacharya	Lecturer in English, Siliguri College
4.	Dr. Urmi Chakraborty	Research Fellow (Gr.- II) in Psychology, SCERT (WB)

EDITORIAL

The State Council of Educational Research & Training (West Bengal) takes pleasure in publishing the second issue of 'Pratyay' as part of its National Population Education Project activities. Like the first issue of 'Pratyay', the second one also brings together write-ups in Bengali and English on different aspects of Population Education.

Shri Ashok Bhattacharyya, Hon'ble MIC, Urban Development & Municipal Affairs, Government of West Bengal, has kindly allowed SCERT (WB) to reprint his article published earlier in a leading daily. In the article, Shri Bhattacharyya has elaborated on the approach of urbanization based on rural development adopted in West Bengal. He has also discussed ways of planned urbanization that would maintain a balance between urban and rural areas.

Prof. Prasanta Roy, former Head of the Department (Sociology), Presidency College, has highlighted the significance of family in a society. His write-up elaborates on the changes in the family structure that have taken place over the years keeping pace with changes in the society.

Shri Amit Bhattacharya, Lecturer in English, Siliguri College in his article titled 'Constrictive Culture/Construtive Identity : The Dialogic of Kamala Das' Poetry', has minutely analysed the question of identity in terms of individuality, gender, age, colour, ethnicity and culture - as it arises in the poems of Kamala Das.

Dr. Urmi Chakraborty, Research Fellow in Psychology at SCERT (WB), has analysed the feedback received from the schools and Madrasahs during celebration of Population Education Week (11-17 July 2005) organised by SCERT (WB) in the state and has presented them in her write-up. The responses show the comparative popularity of different cocurricular activities in respect of Population Education.

This journal also contains the Newsletter, which is an account of NPEP and other activities of SCERT (WB) during 2005-06.

We would like to mention here that the views expressed by the writers are exclusively theirs and SCERT (WB) is in no way responsible for them.

We are sure that this issue of 'Pratyay' would be appreciated by its readers. Opinions of the readers would be welcome, as they would help us to maintain our standard.

Dr. Rathindranath De
Director, SCERT (WB)

Dated : Kolkata, March the 31st, 2006

"When I was a child I had the freedom to make my own toys of trifles and create my own games from imagination. In my happiness my playmates had their full share; in fact the complete enjoyment of my games depended upon their taking part in them. One day, in this paradise of our childhood, entered a temptation from the market world of the adult. A toy bought from an English shop was given to one of our companions; it was perfect, big and wonderfully life-like. He became proud of the toy and less mindful of the game; he kept that expensive thing carefully away from us, glorying in his exclusive possession of it, feeling himself superior to his playmates whose toys were cheap. I am sure if he could have used the modern language of history he would have said that he was more civilised than ourselves to the extent of his owning that ridiculously perfect toy. One thing he failed to realise in his excitement — a fact which at the moment seemed to him insignificant — that this temptation obscured something a great deal more perfect than his toy, the revelation of the perfect child. The toy merely expressed his wealth, but not the child's creative spirit, not the child's generous joy in his play, his open invitation to all who were his compeers to his play-world".

From Civilisation and Progress by Rabindranath Tagore

গ্রামোন্নয়নকে ভিত্তি করে নগরায়ন ঃ পশ্চিমবঙ্গের একটি অভিজ্ঞতা

শ্রী অশোক ভট্টাচার্য

বিশ্বজুড়ে নগরায়নের গতি বৃদ্ধি পাচ্ছে দ্রুত হারে। বিশেষ করে উন্নয়নশীল দেশগুলিকে কেন্দ্র করে। বহু গ্রামীণ এলাকা পরিণত হচ্ছে ছোট বা মাঝারি শহরে। আবার বড় বড় মেট্রোপলিটন শহরগুলির মূল এলাকায় জমির দাম বেড়ে যাওয়ায় বা জমির পরিমাণ কমে যাওয়ায় শহরের আশেপাশের গ্রামীণ এলাকাগুলিতে অপরিকল্পিত ভাবে নগরায়ন হচ্ছে। এই সমস্ত এলাকাগুলি প্রশাসনিক ভাবে থেকে যাচ্ছে গ্রামীণ, অথচ চরিত্রের দিকে শহর। নগরায়নের সংজ্ঞায় বলে ৫০ শতাংশের বেশী মানুষ যদি অকৃষি ক্ষেত্রে নিযুক্ত থাকে তবে তা পরিণত হয়ে যায় শহরে। অথচ সরকারি ভাবে এইরকম শহরগুলি কিন্তু স্বীকৃত নয়। এরা প্রশাসনিক ভাবে গ্রাম পঞ্চায়েতের অধীনেই থাকে। এরকম অনেক অঞ্চল বিভিন্ন রাজ্যে আস্তে আস্তে পৌরসভায় পরিণত করা হচ্ছে। আবার অনেকগুলি এলাকা থেকে যায় গ্রাম পঞ্চায়েতেই। অথচ এগুলি জনগণনার মাধ্যমে স্বীকৃতি লাভ করে Non-Municipal Urban Area হিসাবে। আমাদের দেশে বর্তমানে নগরায়নের হার ২৭ শতাংশ। নগরায়ন এই শতাব্দীতে বৃদ্ধি পাচ্ছে উন্নয়নশীল দেশগুলিতে, বিশেষ করে মানব উন্নয়ন সূচকের মধ্য আয়ের নিরিখের দেশগুলিতে। ২০০৩ সালের হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট অনুযায়ী দেখা যায় যে এই সমস্ত দেশগুলিতে ২০০১ সালে শহরে বসবাসকারি মানুষের সংখ্যা ছিল গড়ে ২৮.১ শতাংশ। আগামী ২০১৫ সাল নাগাদ তা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ৪৯.৪ শতাংশে, অর্থাৎ প্রায় ৫০ শতাংশ। এমনকি যে সমস্ত দেশ নিম্ন আয়ভুক্ত সেই সমস্ত দেশের ২০০১ সালে ১৯.১ শতাংশ থেকে ২০১৫ সালে ৩৯.৭ শতাংশ গিয়ে দাঁড়াবে শহুরে মানুষের হার। একথা সত্য মধ্য আয় বা নিম্ন আয়ভুক্ত দেশগুলিতে শহরে বসবাসকারী মানুষের সংখ্যা বৃদ্ধি পাবার বড় কারণ গ্রামীণ এলাকার বাড়তি জনসংখ্যার শহরের দিকে অভিবাসন। এই অভিবাসন বা Migration হয় কর্মসংস্থানের আশায়। আসল কথা গ্রামীণ এলাকায় কৃষি জমির ওপর অতিরিক্ত চাপের ফলে কৃষি পরিবারগুলির আয় কমতে থাকে। তাদের ধারণা হয় শহরের দিকে আসতে পারলেই কোনও না কোন ভাবে রুজি রোজগারের ব্যবস্থা হয়ে যাবে। উন্নত দেশগুলিতে এটা যতটা সম্ভব হয় উন্নয়নশীল দেশে ততটা সম্ভব হয় না। ফলে এই বাড়তি অভিবাসিত মানুষের বড় অংশই নিযুক্ত হয় অসংগঠিত ক্ষেত্রে বা informal sector -এ। শহরের বিভিন্ন কার্য্যস্থল বা শিল্প কলকারখানা, অর্থনৈতিক কর্মকান্ডের নিকটস্থলে বসবাসের প্রবণতা তৈরী হয়। ফলে সৃষ্টি হয় বহু নতুন নতুন বসবাসের এলাকা। এমন সমস্ত জমিতে এই বসবাসের ব্যবস্থা হয় যা মোটেই বসবাসের উপযোগী নয়। এই মানুষেরা বসবাস করতে বাধ্য হয় দূষিত ও অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে। ইংরেজীতে এগুলিকেই বলে Urban Sprawl। এরই সাথে আর একটি সমস্যা দেখা দেয়। ইংরেজীতে যাকে বলে Push and Pull Factor। একদল মানুষ যেমন বাইরে থেকে আসে, তেমনি আর একদল মানুষ শহর থেকে চলে যেতে বাধ্য হয় শহরের আশেপাশে। ইংরেজীতে যাকে বলে Fringe বা Peripheral area । শহরের আশেপাশের জমির দামও থাকে তুলনায় সস্তা। উন্নয়নশীল দেশসমূহের কাছে এই অপরিকল্পিত নগরায়নই একটি বড় সমস্যা। এই সমস্যা অনেকটা কমতে পারে যদি গ্রামীণ উন্নয়ন ও নগরোন্নয়নের মধ্যে একটা ভারসাম্য থাকে। গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে যদি বিশেষ গুরুত্ব দেওয়া হয়, যদি ভূমিসংস্কার করা হয় এবং গ্রামে বিভিন্ন ধরনের অ-কৃষিক্ষেত্রে রোজগারের সৃষ্টি করা যায়, তবে গ্রাম থেকে শহরে আসবার প্রবণতাকে কিছুটা হলেও কমানো সম্ভব।

অর্থনীতির ক্ষেত্রে একটি দেশের অগ্রগতি পরিমাপ করা হয়ে থাকে সেই দেশের মোট গার্হস্থ্য উৎপাদনের (GDP) কতটা কম কৃষিক্ষেত্রের ওপর নির্ভরশীল। দেখা যায় যত বেশী উন্নত দেশ তত বেশী কৃষি নির্ভরতা কম। যত দরিদ্র দেশ তত মোট গার্হস্থ্য উৎপাদনের অধিকাংশই আসে কৃষিক্ষেত্র থেকে। দেখা যায় যখনই কোনও দেশের অর্থনীতির উন্নতি ঘটে তখনই কৃষিক্ষেত্রে নিযুক্ত শ্রমশক্তির পরিমাণ কমতে থাকে। বাড়তে থাকে অ-কৃষি ক্ষেত্রে শ্রমশক্তির হার।

একটি পরিসংখ্যান থেকে দেখা যাচ্ছে উন্নত দেশগুলিতে গড়ে ৩ শতাংশ মাত্র শ্রমশক্তি কৃষির ওপর নির্ভরশীল (মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া, জাপান, ব্রিটিশ যুক্তরাষ্ট্র, কানাডা প্রভৃতি)। অন্যদিকে উন্নয়নশীল দেশসমূহের শ্রমশক্তির কৃষির ওপর নির্ভরশীলতা অনেক বেশি, গড়ে ২৯%। উন্নয়নশীল দেশে যারা গ্রামে বসবাস করে তার ৪৭ শতাংশ মানুষের আয় নির্ভরশীল কৃষির ওপর। অন্যদিকে উন্নত দেশগুলির ক্ষেত্রে এই হার ১২%। উন্নয়নশীল দেশগুলির মধ্যে আছে ভারত, ব্রাজিল, চীন, মিশর প্রভৃতি।

সুতরাং কোনও দেশই দীর্ঘদিন কৃষির ওপর নির্ভরশীল থাকতে পারে না। উৎপাদিত কৃষি পণ্যের সাথে মূল্য যুক্ত যেমন করতে হবে, তেমনি কৃষি ক্ষেত্রেরও বৈচিত্র্যকরণ করতে হবে। কৃষিকে কেন্দ্র করে গড়ে তুলতে হবে নানা ধরনের শিল্পও। আমাদের দেশের জনসংখ্যা যেভাবে বৃদ্ধি পাচ্ছে, তাতে এক খন্ড কৃষিজমির ওপর চাপও বৃদ্ধি পাচ্ছে। ২০৫০ সাল নাগাদ আমাদের দেশের জনসংখ্যা গিয়ে দাঁড়াবে ১৫৩ কোটি। ২০৩০ সালে মোট শহুরে জনসংখ্যা হবে ৫৮.৬০ কোটি যা মোট জনসংখ্যার ৪১.৪% আর ২০৫০ সালের শহুরে জনসংখ্যা হবে ১১৪ কোটি। এই বাড়তি জনসংখ্যাকে স্থান করে দিতে প্রয়োজন হবে আমাদের দেশের মোট ভৌগোলিক এলাকার ৩.৫ শতাংশ অতিরিক্ত এলাকার। অন্যদিকে ভবিষ্যৎ জনসংখ্যার মাত্র ১০% মানুষ নির্ভরশীল থাকবে কৃষির ওপর, বাকি ৯০ শতাংশ মানুষকে নির্ভর করতে হবে অকৃষিক্ষেত্রে। অন্যদিকে এই যে বিপুল সংখ্যক মানুষ নগরায়িত হয়ে যাবে তাদের জন্য ব্যবস্থা করতে হবে প্রয়োজনীয় পরিষেবা ও পরিকাঠামো এবং কর্মসংস্থানের। এই যে বিপুল সংখ্যক বাড়তি জনসংখ্যা দেখা দেবে শহরাঞ্চলে এদের বসবাসের ব্যবস্থা কিভাবে সম্ভব হবে। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে শহরের জমির সরবরাহের পরিমাণ যেমন কমতে থাকবে তেমনি বাড়তে থাকবে দামও। অনেক মানুষ ধাবিত হবে শহরের আশেপাশের গ্রামাঞ্চলে। এমনকি বহু কৃষিযোগ্য জমিও পরিণত হবে বসবাসের স্থান হিসেবে। বছরের পর বছর এরকমই হয়ে আসছে - যা আগামীতে আরও বৃদ্ধি পাবে। ১৯৮৯-৯০ সালে আমেদাবাদের Space Application Centre-এর এক সমীক্ষা থেকে জানা যায় প্রতি বছর মুম্বাই, আহমেদাবাদ ও কলকাতা শহরের নগরায়নের হার বৃদ্ধি পাচ্ছে যথাক্রমে ১৬, ১২ ও ৯ বর্গ কিমি হিসেবে।

একটা প্রশ্ন ইদানিং শোনা যাচ্ছে আমাদের রাজ্যে কৃষি জমি সরকার অধিগ্রহণ করে শহর তৈরী করছে। অর্থাৎ আমাদের রাজ্যে এই যে নগরায়ন বৃদ্ধি পাচ্ছে যেন সবটাই কৃষকদের কাছ থেকে সরকার জমি অধিগ্রহণ করে করছে। গত কয়েক বছরে শিল্পের জন্যে সরকার জমি নিয়েছে ১৩,৫০০ একর। বাকি জমি শিল্পের মালিকরা নিজেরাই খরিদ করে নিয়েছে চাষীদের কাছে থেকে। উপনগরী তৈরী করতে সবচেয়ে বেশী জমি নেওয়া হয়েছে রাজারহাটের নিউ টাউনের জন্যে। প্রায় ১৫,০০০ একর। এছাড়া পশ্চিম হাওড়ায় ৩৯০ একর জমি অধিগ্রহণ শুরু হয়েছিল ১৯৭০-এর দশকে। যার মধ্যে ৭৬ একর জমি কেন্দ্রীয় সরকারের একটি সংস্থা থেকে পাওয়া গেছে। শিলিগুড়ির একটি পরিত্যক্ত অকৃষি জমি সরকার অধিগ্রহণ করছে। যার পরিমান ৫০০ একর হবে। ডানকুনিতে প্রস্তাবিত উপনগরী প্রথমে স্থির হয়েছিল ৩০ হাজার একর জমিতে হবে। বর্তমানে তা কমিয়ে করা হয়েছে ৪৮০০ একর। যার মধ্যে শিল্পের জন্যে থাকছে ৮০০ একর। বলাবাহুল্য এই জমি কৃষি জমি নয়। হোগলা চাষ হয় বা নিচু জমি।

কিন্তু তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের ভৌগোলিক এলাকার মাত্র ৩.৭০% এলাকা জুড়ে আছে শহর এলাকা। ৮ কোটি মানুষের ২৮ শতাংশ মানুষ বসবাস করে শহর এলাকায়। আর আমাদের রাজ্যের গ্রামীণ এলাকা রয়েছে বাকি ৯৭ শতাংশ ভৌগোলিক এলাকা নিয়ে। এই গ্রামীণ এলাকার সব জমি কিন্তু কৃষি জমি নয়। এর হার ৬৪ শতাংশ। ১৪ শতাংশ জমি আছে যেখানে বসবাসস্থল গড়ে উঠেছে বা পতিত হয়ে আছে। এই পতিত জমি যেগুলি কৃষির উপযোগী নয়, তা যদি কোনও বড় বড় শহরের আশেপাশে হয় তা হলে তা চলে যাচ্ছে বা যাবার উপক্রম হয়েছে একদল জমির দালাল বা অসাধু প্রোমোটারদের হাতে।

রাজ্য সরকার এই কারণে কলকাতা বা অন্যান্য অনেকগুলি শহর বা তৎ সংলগ্ন এলাকা চিহ্নিত করে টাউন এন্ড কান্ট্রি প্ল্যানিং এ্যাক্ট অনুযায়ী প্রজ্ঞাপিত করে জমির বর্তমান ও ভবিষ্যতের ব্যবহারের মানচিত্র তৈরী করেছে। এই ভবিষ্যতের মানচিত্রেই

চিহ্নিত করে রাখা হচ্ছে কোন জমি কিভাবে ব্যবহৃত হতে পারবে। যেমন পূর্ব কলকাতায় বিস্তির্ণ জমি চিহ্নিত ও সংরক্ষিত করা হয়েছে Wet Land বা জলাভূমি হিসেবে। অনেক অঞ্চলকে দেখানো আছে Buffer Zone হিসেবে। চিহ্নিত করা হচ্ছে উচ্চফলনশীল কৃষি জমিকেও।

পশ্চিমবঙ্গের নগরোন্নয়ন বা নগরায়নের একটি সুনির্দিষ্ট নীতি বা দৃষ্টিভঙ্গী আছে যার সাথে অনেক রাজ্যের সাথে আছে বেশ কিছুটা অমিল। আমাদের দেশের সব রাজ্যেই দেখা যাচ্ছে গ্রাম থেকে বড় বড় মহানগরকে কেন্দ্র করে শহরে আসবার প্রবণতা। এভাবেই শহুরে মানুষের সংখ্যা এই সমস্ত রাজ্যে বৃদ্ধি পাচ্ছে, যেমন মুম্বাই, দিল্লী, ব্যাঙ্গালোর ইত্যাদি শহরে বাৎসরিক জনস্ফীতি ঘটছে যথাক্রমে ২.৯%, ৫.১% ও ৩.৭% হারে। অথচ কলকাতায় এই বৃদ্ধির হার কিন্তু অনেক কম। মাত্র ১.৯ শতাংশ। বরং নগরায়ন বৃদ্ধি পাচ্ছে কলকাতার বাইরে বেশী হারে। আবার বহু নতুন নতুন গ্রাম বা গঞ্জ ছোট ছোট শহরে পরিণত হয়ে যাচ্ছে। কারণ গ্রামে কৃষি উৎপাদন বৃদ্ধি পাবার ফলে নিকটবর্তী গ্রামগুলিতেই তা বিক্রি হয়ে যাচ্ছে। এই কেনাবেচার মধ্য দিয়ে এই সমস্ত এলাকাগুলিতে অধিকাংশ মানুষ অকৃষি নির্ভর হয়ে যাচ্ছে। ২০০১ সালের জনগণনার একটি হিসেব থেকে দেখা যায় সারা দেশে মোট শহরের সংখ্যা ৫১৬১টি। তার মধ্যে বিধিবন্ধ বা পৌরসভা ৩৭৯৯টি। সেন্সাস শহর বা Non Municipal Urban এলাকা ১৩৬২টি। অর্থাৎ ২৬.৪ শতাংশ শহর হলো এই অংশের। অথচ পশ্চিমবঙ্গে ২০০১ সালে মোট শহর ছিল ৩৭৫টি। যার মধ্যে বিধিবন্ধ বা পৌরসভা ১২৩টি, বাকি ২৫২টি অর্থাৎ ৬৭.২% শহরই Non Municipal Urban এলাকা। এই ধরনের অ-বিধিবন্ধ শহরের হার পাঞ্জাব, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, কর্নাটক, তামিলনাড়ুতে যথাক্রমে ১১.৫%, ৯.১৪%, ৩৩.৬%, ১৬.৩%, ১৩.৩%।

পশ্চিমবঙ্গে কেন এই ধরনের শহরগুলির সংখ্যা বেশী? তার মূল কারণ এ রাজ্যের ভূমি সংস্কার এবং বিকেন্দ্রীকরণের নীতি। এই যে এতগুলি হবু পৌর শহর তা কিন্তু গড়ে উঠেছে স্বাভাবিক নিয়মে। সরকার কর্তৃক জমি অধিগ্রহণ না করে। গত ২৮ বছরে এ রাজ্যে নতুন পৌরসভা গঠিত হয়েছে ৩৫টি। ভবিষ্যতে আরও নতুন নতুন পৌরসভা গঠনের প্রয়োজন হতে পারে।

অ-বিধিবন্ধ এলাকার মানুষদের প্রত্যাশা পূরণ সম্ভব নয় শুধু গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে। কারণ এদের অধিকাংশ মানুষ নির্ভরশীল অ-কৃষি ক্ষেত্রে বা Non farm sector-এ। আমাদের দেশের রাষ্ট্রপতি এই কারণেই ভিসন-২০২০তে উল্লেখ করেছেন এক নতুন লক্ষ্যের। যার নাম PURA অর্থাৎ Providing Urban amenities in Rural areas.

আমাদের রাজ্যের নগরোন্নয়নের নীতির একটি বিশেষ দিক হলো শহর ও গ্রামের মধ্যে ভারসাম্য রেখে নগরায়ন। কিন্তু নগরায়ন অবশ্যম্ভাবী। সিদ্ধান্ত করে নগরায়নকে রোখা সম্ভব নয়। প্রশ্ন হচ্ছে নগরায়ণ কি হবে পরিকল্পিত ভাবে না অপরিকল্পিত ভাবে?

আমাদের রাজ্যের নগরায়নের সৃষ্টি হচ্ছে ভূমিসংস্কার ও কৃষি উৎপাদন বৃদ্ধির মধ্য দিয়ে। এই দুই উদ্যোগ সৃষ্টি করেছে শিল্পায়নের এক নতুন সম্ভাবনা। এই সম্ভাবনাকে বাস্তবায়িত করতেই কৃষি উন্নয়ন - শিল্পায়ন - নগরায়ন চলছে হাত ধরাধরি করে।

নগরকে কেন্দ্র করেই থাকে একটি দেশের অর্থনীতির চালিকা শক্তি। সরকারের রাজস্বের অধিকাংশই আসে নগর বা শহর থেকে। ১৯৯১ সালের একটি হিসেবে দেখা যাচ্ছে সেই সময় মোট GDP তে মাথাপিছু আয় গ্রামের ক্ষেত্রে ছিল ২৯৯৭ টাকা। অথচ শহরের ক্ষেত্রে ছিল ১০,৮৪৪ টাকা। ২০০১ সালে তা দাঁড়িয়েছে যথাক্রমে ৩৮৯৩ টাকা ও ২৪,৮৬৭ টাকা।

গত শতাব্দীর নগরায়ন ছিল মূলতঃ ইউরোপের উন্নত দেশগুলিকে কেন্দ্র করে। ইউরোপের বা আমেরিকার নগরায়ন হয়েছিল শিল্পায়নকে ভিত্তি করে। এই সমস্ত শিল্পগুলি ছিল মূলতঃ শ্রম নিবিড়। তাতে নিযুক্ত হতো প্রচুর সংখ্যক শ্রমশক্তি। গ্রাম থেকে বহু মানুষ কৃষি ছেড়ে নিযুক্ত হয়েছিল এই সমস্ত শিল্প ও কলকারখানায়। বিংশ শতাব্দীর শেষ দিক থেকেই শুরু হয় ইউরোপের এরকম অনেক শহরের শিল্পায়নের ক্ষেত্রে declination বা অবক্ষয়। বিশেষ করে বিশ্বায়ন ও উদারীকরণ নীতির

প্রভাব পড়ে এই সমস্ত শিল্প ও কলকারখানার ক্ষেত্রে। অনেক কলকারখানা রুগ্ণ হয়ে যায়। অনেকগুলি হয়ে যায় বন্ধ। অনেকগুলিতে কর্মী সংখ্যা কমিয়ে আনা হয়। এর ফলে এক উল্টো চিত্র দেখা দেয়। অর্থাৎ শহরের বহু মানুষ শহর ছেড়ে চলে যেতে থাকে শহর থেকে অনেকটা দূরে অন্য রুজি রোজগারের আশায়।

এমনই দুটি শহরে আমার ভ্রমণ করার সুযোগ হয়েছিল সম্প্রতি। এই দুটি শহরের একটি হলো ইংল্যান্ডের লিভারপুল। অন্যটি উত্তর আয়ারল্যান্ডের বেলফাস্ট। এক সময়ে এই দুটি শহরই ছিল ইউরোপের অর্থনীতির ক্ষেত্রে খুব উজ্জ্বল শহর। এই শহরগুলির নদী বন্দর, জাহাজ নির্মাণ কেন্দ্র, সুতো তৈরীর কারখানা ছিল জগৎ বিখ্যাত। হাজার হাজার মানুষ সেখানে কাজ করতো। আস্তে আস্তে সেগুলি রুগ্ন বা বন্ধ হতে শুরু করল। বহু মানুষ কর্মহারা হলো। শহরের অর্থনৈতিক কর্মকান্ডের গতি হতে শুরু করল স্তিমিত। শহরের বহু বসবাসের এলাকা বা বাণিজ্যিক এলাকা হয়ে উঠল অপেক্ষাকৃত কম মানুষের বসবাসে। এক সময় এই দুটি শহরের বেকারিত্বের হার গিয়ে দাঁড়িয়েছিল ১৫-২০ শতাংশ। গত কয়েক বছর ধরে দুটি শহরের পুনরুজ্জীবনের এক পরিকল্পিত উদ্যোগ গ্রহণ করা হয়। এই উদ্যোগের ফলে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি পাওয়া শুরু হয়েছে। কয়েক হাজার বেকারের কর্মসংস্থান হয়েছে। বলাবাহুল্য এই কর্মসংস্থান সৃষ্টি হয়েছে কোনও Manufacturing Sector-এ নয়। Service Sector-এ ঘটেছে এই কর্মসংস্থান। অর্থাৎ পর্যটন, হোটেল, রেস্টুরেন্ট, আবাসন, তথ্য ও প্রযুক্তি ইত্যাদি ক্ষেত্রে। খুব পরিকল্পিত ভাবে তারা পরিত্যক্ত ডক বা বন্দরের জমিগুলিকে মুক্ত করে তাকে কাজে লাগাল। এর মধ্যে দিয়ে গড়ে উঠল অসংখ্য হোটেল, রেস্টুরেন্ট, আবাসন, মল ইত্যাদি।

এই অভিজ্ঞতাই প্রমাণ করে কোনও শহর সচল থাকতে পারে না শুধুমাত্র পরিকাঠামো ও পরিষেবার মান উন্নত করে। শহরকে সচল করতে প্রয়োজন তার অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি করা। কর্মসংস্থান সৃষ্টি করা। শহরগুলিই হচ্ছে অর্থনৈতিক কর্মকান্ডের চালিকা শক্তি (Generator of economic momentum)। যে কোনও শহরের ভবিষ্যতের যে স্বপ্ন (Vision) তাতে শহরের উন্নয়নকে স্থায়ী রূপ দিতে থাকবে অর্থনৈতিক, সামাজিক পরিকাঠামো ও পরিবেশগত বিষয়। শহরের সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নত করতে শহরকে হতে হবে আরও উৎপাদনমুখী। সেখানে থাকবে আরও বেশী কর্মসংস্থান সৃষ্টির সুযোগ বা সম্ভাবনা। শহর পরিচালন ব্যবস্থাকেও হতে হবে আরও দক্ষ ও নিপুণ। জমির সরবরাহকে বৃদ্ধি করতে হবে যাতে জমির দাম সাধারণ মানুষের নাগালের মধ্যে থাকে।

আমাদের রাজ্যে পরিকল্পিত নগরায়নের এক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কলকাতা সহ আরও কতগুলি শহরতলী এলাকায় আগামী ২৫ বছরের জন্যে এক ভবিষ্যৎ উন্নয়নের রূপরেখা তৈরী করা হয়েছে। এই রূপরেখা শহর ও গ্রাম এলাকার মধ্যে ভারসাম্য রেখে উন্নয়নের পরিকল্পনা তৈরী করছে। এই রূপরেখায় নির্দিষ্টকরণ করা হয়েছে নগরায়ন ও শিল্পায়নের গতি প্রকৃতি।

নগরায়ন হয় অনেক ক্ষেত্রে শিল্পায়নকে কেন্দ্র করে। যেমন দুর্গাপুর বা জামশেদপুর প্রথমে হয়েছিল শিল্প শহর। কিন্তু আস্তে আস্তে শিল্পকে কেন্দ্র করে গড়ে উঠছে নগরায়ন। মানুষের বসবাসস্থল ছড়িয়ে পড়েছে আশেপাশের এলাকায়। আবার কোনও রেলস্টেশন, যোগাযোগ কেন্দ্র, পর্যটন কেন্দ্র, ধর্মীয় স্থানকে কেন্দ্র করেও নগরায়ন হতে পারে। শিল্প কিন্তু যেকোনও স্থানে হতে পারে না। শিল্প তৈরী করার জন্য কতগুলি উপাদান চাই। আশেপাশে তা আছে কিনা তা দেখেই পুঁজি বিনিয়োগ করতে চাইবে শিল্পপতিরা। অনেক সময় দেখা যায় নদী বা সমুদ্র বন্দর বা মাল রপ্তানি-আমদানির মধ্য দিয়ে বৃদ্ধি পায় অর্থনৈতিক কর্মকান্ড। তাকে কেন্দ্র করে গড়ে ওঠে নগরায়ন।

একবিংশ শতাব্দীতে নগরায়নের ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে পরিষেবা বা Service Sector এর। এখন কোনও শিল্প হলে আগের মত তা আর শ্রম নিবিড় হয় না। ফলে কর্মসংস্থান সৃষ্টিও হয় কম। কিন্তু Service Sector এ কর্মসংস্থান হচ্ছে অনেক বেশী পরিমাণে। পশ্চিমবঙ্গে দেখা যাচ্ছে একদিকে ভূমি সংস্কার ও অন্যদিকে কৃষিপণ্য উৎপাদন বৃদ্ধির

মধ্য দিয়ে একটি বড় অংশের মানুষের হাতে যথেষ্ট পরিমাণে অর্থ এসেছে। এই অর্থ দিয়ে কেনাবেচা চলছে। এর মধ্য দিয়ে গড়ে উঠছে অনেক বাজার দোকানপাট। একটু বড় শহরে গড়ে উঠেছে বড় বড় মার্কেট কমপ্লেক্স, মাল্টিপ্লেক্স, হোটেল, রেস্টুরেন্ট, বিনোদন কেন্দ্র। সর্বোপরি বড় বড় উন্নত মানের আবাসন। এসবকে কেন্দ্র করে এরাজ্যে সাধারণ মানুষের আয়ের উৎস প্রাথমিক ক্ষেত্র তথা কৃষি ক্ষেত্রের থেকে, পরিষেবা ক্ষেত্র বা সার্ভিস সেক্টর কেন্দ্রীক হয়ে পড়েছে। এগিয়ে আসছে মাধ্যমিক ক্ষেত্র বা উৎপাদনভিত্তিক শিল্প ক্ষেত্রও।

এভাবেই নতুন নতুন গ্রাম পরিণত হচ্ছে আধা শহরে, পরবর্তীতে শহরে। এভাবেই এরাজ্যে নগরায়ন বৃদ্ধি পাচ্ছে জাতীয় হারের থেকে বেশী হারে। তবে তা অবশ্যই বড় শহরকে কেন্দ্র করে নয়, তার বাইরে, বিকেন্দ্রীকৃত ভাবে।

গণশক্তি পত্রিকায় ০৭-১২-০৫ ও ০৮-১২-০৫ এ প্রকাশিত ও মাননীয় মন্ত্রীর অনুমতিক্রমে পুনর্মুদ্রিত।

পরিবার প্রসঙ্গে

অধ্যাপক প্রশান্ত রায়

আমরা সবাই জানি সমাজের নানা প্রাতিষ্ঠানিক ভিত্তির মধ্যে পরিবার অন্যতম। তাই সমাজের গুণমান অনেকাংশ পরিবারের দক্ষতার ওপর নির্ভর করে। তবে পরিবারও অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও সংগঠনের প্রভাবেই তার ভূমিকা পালন করে। পরিবার ও সমাজের অন্যাংশের সম্পর্ক, এই আলোচনার বিষয়বস্তু।

আপাতদৃষ্টিতে পরিবার পিতা-মাতা ও সন্তান-সন্ততির গোষ্ঠী। কিন্তু রক্তের সম্পর্কে ও বিবাহের সম্পর্কে আবদ্ধ অন্য মানুষও পরিবারের সদস্য হতে পারেন। অনেক জ্ঞাতি-গোষ্ঠী নিয়ে পরিবার যে রকম হয়, তেমনি মা ও পুত্র-কন্যা নিয়ে পরিবারও দেখা যায়। পরিবারের অভিন্ন আকার বলতে কিছু নেই। পরিবারের বিবর্তনের ইতিহাস তাই বলে। শুধু নানা সম্পর্কের ব্যক্তি নিয়েই পরিবারের গঠন একথা বলা সম্পূর্ণ সত্যি নয়। নানাধরণের দায়-দায়িত্ব ও অধিকারের সমন্বয় পরিবার জীবনের অঙ্গ। শিশুকে মানুষ করা পিতা-মাতার বা বয়স্কজনের দায়িত্ব। তেমনি বৃদ্ধ পিতা-মাতা পরিজনকে দেখা বয়ঃপ্রাপ্ত সন্তানের দায়িত্ব। অবস্থানের তারতম্যের জন্য পরিবারের সদস্যদের অধিকারে ভিন্নতা আছে। সনাতন সামাজিক কাঠামোতে, বিশেষত যৌথ পরিবার যেখানে পরিবারের প্রধান আকার, সেখানে দায়িত্বের পরিসর বৃহৎ। জাতিগোষ্ঠী তার আওতায় পড়ে। সব দায়িত্ব অধিকার বেশীর ভাগ সমাজের ক্ষেত্রে অলিখিত প্রথাসিদ্ধ। চীনদেশের সংবিধানে অবশ্য তা অনুশাসনের বিষয়বস্তু। দায়িত্ববোধ পরিবারের সদস্য ও জ্ঞাতিগোষ্ঠীকে ছাপিয়ে বৃহত্তর সমাজের প্রতিও। সন্তানকে সুনাগরিক করা পরিবারের অলিখিত দায়িত্বের মধ্যে পড়ে। উৎপাদন ও বন্টন ব্যবস্থায় কাজ করার যোগ্যতা সৃষ্টিকারী শিক্ষা ও মানসিকতা পরিবারের বয়স্ক ব্যক্তিরা কনিষ্ঠদের দেন।

শিশুকে সমাজোপযুক্ত পূর্ণ ব্যক্তিতে পরিণত করা পিতামাতা ও বয়স্ক পরিজনদের কর্তব্য। প্রাত্যহিক জীবন যাপন, সম্পর্ক প্রতিষ্ঠা ও বজায় রাখা, সমাজের নানা কাজকর্মে অংশগ্রহণ করার জন্য যাবতীয় শিক্ষা — যাতে পরিবারের বয়স্কজনের যোগ্যতা আছে — পারিবারিক জীবনে থেকেই সন্তান-সন্ততিরা পেলে সমাজ কার্যকরী হয়। শিশুর সামাজিকীকরণের উদ্দেশ্য তাই-ই। তবে ব্যক্তিত্ব নির্মাণের প্রক্রিয়া শৈশবেই শেষ হয়ে যায় না। পুত্র-কন্যা যথেষ্ট বড় হয়ে গেলেও পারিবারিক সামাজিকীকরণের ধারা অক্ষুন্ন থাকে। জীবনের নানা সন্ধিক্ষণে নতুন ভূমিকা ও দায়িত্ব আসার জন্যই পরিবারের বয়স্কদের প্রভাব অবিরত থাকে। পিতা-মাতার মৃত্যুর পরও তাদের দেওয়া শিক্ষা অনেকাংশেই অক্ষুণ্ণ থাকে।

দায়-দায়িত্ব অধিকারের প্রসঙ্গ যেখানেই সেখানে ক্ষমতা ও কর্তৃত্বের কেন্দ্র থাকবেই। পরিবার ক্ষেত্রেও তা সত্যি। লিঙ্গ, বয়স ও সম্পর্কের পার্থক্য, পরিবারে ক্ষমতা ও কর্তৃত্বের বৈষম্যের সূচনা করে। নারীর ওপর পুরুষের, কনিষ্ঠের ওপর বয়স্কের, বিবাহসূত্রে সম্পর্কের ওপর রক্তের সম্পর্কের কর্তৃত্ব বেশী। পরিবারের স্থায়িত্ব, কার্য্যকারীতা, জীবনের গুণমান - বহুলাংশেই নির্ভর করে পারিবারিক কর্তৃত্বের ওপর। পরিবারের সমগ্র কর্তৃত্ব এক ব্যক্তির অধীনস্থ তা নয়। একাধিক বয়স্ক ব্যক্তি পারিবারিক কর্তৃত্বের অংশীদার হতে পারে।

মানব সমাজের দীর্ঘ ইতিহাসে নানা টানাপোড়েনে টিকে থাকা এই গোষ্ঠীটি সামাজিক কাঠামোর ভিত্তি স্বরূপ। অন্য কোন ধরণের গোষ্ঠী সম্ভব নয়, পরিবার না থাকলে। তার একটা বড় কারণ পরিবারের অন্তর্গত বিধিবদ্ধ নারী পুরুষের সম্পর্কের মাধ্যমে প্রজনন, যে কোন গোষ্ঠীর প্রধান উপাদানটি মানুষ যোগান দেয়। শুধু রক্ত-মাংসের মানুষ নয়, প্রয়োজনীয় সামাজিক শিক্ষা-দীক্ষায় বড় হওয়া মানুষ, উপযুক্ত মানুষ। সে কারণেই এই প্রাথমিক গোষ্ঠীটি সমাজের একটি প্রধান একক। পরিবার পরিবর্তনশীল গোষ্ঠী। এটা স্বাভাবিক। অদ্যাবধি নানা পরিবর্তন ঘটে গেছে। যেমন — পরিবারের আকৃতি ক্রমাগত

ছোট হয়েছে এক-বিবাহ চালু হওয়া আর জন্মহার কমার সঙ্গে সঙ্গে। যৌথ পরিবারের ক্ষয় হয়েছে। পরিবারের প্রকৃতির পরিবর্তনও লক্ষ্যণীয়। স্বামী-স্ত্রী, পিতা-মাতা-সন্তান, ভাইবোনের সম্পর্কে অসাম্য কমছে, শিথিলতাও আসছে। পরস্পরের প্রতি দায়-দায়িত্বের গুণমান কমছে। এর কিছু খারাপ ফলাফল চোখে পড়ছে। যেমন — সন্তান পালনে ঘাটতি থাকছে। পরিবার ভিন্ন গোষ্ঠীর প্রভাব পুত্র কন্যার জীবনে অনেক বেশী করে পড়ছে। পরিবারের প্রতি আনুগত্য কমছে। ব্যক্তিকেন্দ্রিকতা বৃদ্ধি পাচ্ছে। জ্ঞাতিগোষ্ঠীর সঙ্গে পরিবারের সম্পর্কও দুর্বল হচ্ছে। পরিবর্তনের ভালো দিক আছে। যেমন — ব্যক্তিস্বাধীনতা বেড়েছে। অনেক সৃজনশীল কাজ করার সময় ও সুযোগ মানুষ পাচ্ছে। পরিবারের অভ্যন্তরে অনুশাসন, দমন ও পীড়ন — বিশেষত মেয়েদের প্রতি পুরুষদের — আজ অনুসন্ধান ও প্রতিকারের বিষয়বস্তু হয়েছে। মানবাধিকারের আওতায় আনা হয়েছে।

পরিবারের আকৃতি ও প্রকৃতি পরিবর্তনের কারণ বৃহত্তর সমাজের পরিবর্তনে নিহিত আছে। আধুনিকতা ও পুঁজিবাদের তাগিদেই পরিবারে পরিবর্তন এসেছে। আধুনিক সংস্কৃতি ব্যক্তিস্বাধীনতা, মুক্ত জীবন ও নতুন যুক্তিবোধের ওপর গুরুত্ব দেয়। ফলে ব্যক্তির অধিকার সচেতনা বৃদ্ধি পায়। নিজের ক্ষমতা ও সম্ভাবনার প্রকাশ খোঁজা ব্যক্তির কাছে স্বাভাবিক বলে মনে হয়। সনাতন পারিবারিক কাঠামোর চাপ, নানা জ্ঞাতির প্রতি দায়বদ্ধতা তার নিজস্বতার পরিপন্থী বলে মনে হয়। এই কারণে পারিবারিক সম্পর্কে শিথিলতা আসে। পুঁজিবাদে উপযোগিতার ওপর গুরুত্ব দেওয়া হয়। ব্যক্তির মূল্যায়নে কর্মক্ষেত্রে তার প্রমাণিত যোগ্যতাই একমাত্র মাপকাঠি। তার উপার্জন ও সম্মান তার যোগ্যতার ওপরেই নির্ভর করে। জন্ম-পরিচয়, বংশ পরিচয়ের সামাজিক ও ব্যক্তি জীবনে গুরুত্ব ক্রমাগত কমে। পুঁজিবাদের সূত্র ধরে ব্যক্তির চলাচলের প্রয়োজন ও সুযোগ বেড়েছে। উপার্জনের তাগিদে ব্যক্তি স্থানান্তরে বসবাস করছে, মূল পরিবার থেকে দূরে সরে গিয়ে। সামাজিক স্তরবিন্যাসেও ব্যক্তি সচল হতে পারে। নিম্নমধ্যবিত্ত ব্যক্তি উপার্জন ও যোগ্যতার খাতিরে উচ্চগামী হচ্ছে। উচ্চগামীতা নতুন মূল্য পাচ্ছে। স্বাভাবিকভাবেই ব্যক্তির সচলতার কারণে পরিবারের সঙ্গে জ্ঞাতিগোষ্ঠীর সম্পর্কে ক্ষয় হচ্ছে। রাজনীতি ও রাষ্ট্রপ্রকৃতিতে গণতন্ত্রের প্রভাব দৃঢ় হচ্ছে। ফলে, ব্যক্তির অধিকার অগ্রগণ্য স্থান পাচ্ছে। বাজারে ও বৃহত্তর অর্থনৈতিক আয়োজনও ব্যক্তিকেন্দ্রিক। নানাকারণে, পরিবারে বহুমাত্রিক পরিবর্তন অনিবার্য। কেউ কেউ একে পরিবারের দুর্যোগের সূচক বলেন। সমাজও দুর্বল পরিবারের পরিপূরক সংগঠন তৈরী করছে। যেমন — মা উপার্জনের প্রয়োজনে পরিবারের বাইরে থাকলে, শিশু সন্তানের রক্ষণাবেক্ষণের দায়িত্ব নেওয়ার জন্য সংগঠন এগিয়ে আসছে।

আগামীদিনে সমাজ-পরিবর্তনের সঙ্গে সঙ্গে পরিবারের বিবর্তন কোন দিকে হবে, তা নিয়ে অনুমান বলে পরিবার তার পূর্বাবস্থায় ফিরবে না। পরিবার আরও মুক্ত আয়োজন হবে। পরিবারকে ঘিরে প্রত্যাশা পাল্টাবে। বৃহত্তর সমাজের পরিবর্তনের সঙ্গে তাল রেখে পরিবর্তিত হওয়ার ক্ষমতাই পরিবারকে সমাজের একক হিসেবে টিকে থাকতে সাহায্য করবে।

CONSTRICTIVE CULTURE / CONSTRUCTIVE IDENTITY : THE DIALOGIC OF KAMALA DAS' POETRY

Prof. Amit Bhattacharya

Beneath and beyond the much-hyped facade of 'sensuality', Kamala Das' poetry often reveals her serious musings on the self and the society. As C. N. Srinath points out, 'Her (Das') sensitive awareness of her surroundings - their sordidness, boredom, ugliness and horror-and her love and passion gives strength to her poetry'! The 'sensitive awareness' that Srinath has alluded to, makes Das grapple with issues such as the role of society in determining our individuality as well as the various ploys of the individual for self-assertion and self-empowerment. Kamala Das' negotiations with 'Culture' and 'Identity' as expressed in her poetry and prose works centre upon the understanding of 'Culture' as a set of shared or prescribed beliefs, values and attitudes of a group of persons as also the recognition of 'Identity' as a set of characteristics that somebody recognizes as belonging uniquely to himself or herself and constituting his or her individual personality. Since culture 'comprises those aspects of human activity which are socially rather than genetically transmitted'[2] and since identity is at bottom a confluence of the intrinsic features of an individual, which she may or may not share with others[3], they can be said to exist in a dialogic relationship (extrinsic rigour / intrinsic resistance) with each other that governs the ties between the community and the individual. In the present paper, a few poems by Kamala Das will be analyzed to see and show how both culture and identity are context specific discourses that rather than being static, change and evolve with circumstances. Efforts will also be made to show how the two constituents of this dialogic relationship, in the true Bakhtinian manner, both contest and collaborate in a constant bid to modify each other and convert the 'dialogue' into a 'monologue' where the more proactive discourse of the two brooks no place or influence of the other.

From the earliest phase of her poetic development, Kamala Das has shown a remarkable courage to tackle issues like cultural imposition and assertion of identity. In this regard 'An Introduction' which is taken from her first book of poems *Summer in Calcutta* (1965) can be cited as a brilliant case in point. In her insightful paper "I" And "They": The Dialogic of Kamala Das's "Introduction", Rama Kundu has called Das' 'An Introduction' a poem about 'Identity'[4] . A careful reading of the poem, however, forces us to add 'Culture' to the poem's thematic canvas. In fact, 'An Introduction' is a 'key poem' in any discussion of the binary roles played by culture and identity in shaping Das, the person as also Das, the poet.

'Culture' derives via French from Latin 'Cultura' (tillage) from 'Cult', the past participle stem of 'Colere' (to inhabit, cultivate or worship).[5] 'Identity', in the same vein, derives from Latin 'Identitas' from 'Ident' combining form of Latin 'Idem' (same) from 'Id' (that)[6]. Thus

culture becomes the constrictive framework, socially imposed on the individual by the various power-centres, that inhabits the mind of an individual programming it to think and act in a prescribed way as showing marks of 'cultivation', and holding out the promise of 'worship' (social adulation). Identity that roughly translates into 'that'-ness, becomes linked with the idea of Latin 'Quiditas' or 'what'- ness, turning out to be an alternative construct that helps the individual resist, neutralize, alleviate or utilize the cultural norms to further his or her own ends. Re-read with this insight, 'An Introduction' becomes a site for the contesting voices-the forbidding, ordering, judging and punishing breed of 'categorizers' as opposed to and by the defying, suffering and subverting 'I', representing as they do, the discourse of culture and the counter discourse of identity respectively.

Rama Kundu makes a controversial statement that the poem ('An Introduction') 'begins with an "I" who rejects a political identity'[7]. The first few lines of 'An Introduction', however, seem to negate this contention. Both K. Satchidanandan[8] and I.G. Ahmed[9] draw our attention to the unmistakably political dimension of the following statement by the female speaker:

I don't know politics but I know the names

Of those in power, and can repeat them like

Days of week, or names of months, beginning with

Nehru.

('An Introduction', SIC 59)

Das, here reveals how patriarchy creates a hegemonic culture that neither expects nor accepts women, knowing 'politics'. Women, both individually and collectively are excluded from the centres of power, and can only 'repeat' the names of those 'in power', whereby, their repetition becomes contingent on the male act of free will i.e. discussing politics. The female speaker's statement 'I don't know politics' as also the woman poet's act of writing the poem, however, is a tentative step towards self-empowerment and, therefore, entails assertions of their self-identity, which is anything but apolitical. For, the speaker's 'repetition' of the names/Of those in power' involves a 'mimicry' of the discourse of politics that in the words of Jeremy Hawthorn incorporates 'the subversive potential contained in the forced and (often overtly) half-hearted adoption of the style or conventions of a DOMINANT authority - whether national-CULTURAL or GENDER-political'.[10]

Kundu points out how the speaker 'proffers a national card and a colour brand which she proudly proclaims'[11]. 'I am Indian, very brown' ('An Introduction', SIC 59). These assertions of identity, rather identities, take a heavy toll on the speaker :

.... Don't write in English, they said,

English is not your mother-tongue.....

('An Introduction', SIC 59)

This has been the command of culture - of domineering patriarchy (Buddhadeb Bose[12], Jyotirmoy Datta[13], etc.) The command of course is two-fold: 'Don't write' since the speaker

is a woman poet, and 'Don't write in English' since she is a dark-skinned Indo-Anglian poet. Needless to say, the speaker refuses to obey the dictates and instead strongly defends her right to practise and assert her identities

> .... Why not leave
> Me alone, critics, friends, visiting cousins,
> Everyone of you? Why not let me speak in
> Any language I like? The language I speak
> Becomes mine, its distortions, its queernesses
> All mine, mine alone. It is half English, half
> Indian, funny perhaps, but it is honest,
> It is as human as I am human, don't
> You see? It voices my joys, my longings, my
> Hopes, and is useful to me as cawing
> Is to crows or roaring to the lions ...
> ('An Introduction', SIC 59)

Of course, she will go on writing poetry to express 'my joys, my longings, my, /Hopes'.

Das' description of her poetic medium as 'half English, half Indian' has nothing demeaning about it as some of her critics have toiled to show. In fact, as Anisur Rahman points out, the English half is the linguistic-literary component of her poetic output, whereas, the Indian half alludes to her sensibility.[14] Obviously, each exists with and works on the other to forge a unique poetic 'voice, tone, idiom and rhythm' that according to Bruce King, creates 'a style that acccurately reflects what the writer feels or is trying to say instead of it being filtered through speech meant to reflect the assumptions and nuances of another society'.[15]

Putting to rest he quarrel of culture with her Indo-Anglian poetic identity in the first part of the poem, as goes on to deal with her female identity in the second part of 'An Introduction'. Here the speaker says, 'I was child'. Significantly, the term 'child' is of common gender. But, the gender-neutrality of 'child' gets destabilized when the speaker grows into and becomes a woman, a gendered being :

> ..... later they
> Told me I grew, for, I became tall, my limbs
> Swelled and one or two places sprouted hair.
> ('An Introduction', SIC 59)

Significantly, her growth is physical and not so much mental as evinced by her hesitant act of asking 'for love, not knowing what else to ask/For'. Besides, her growth is always monitored by society, active under the influence of the prevalent cultural assumptions:

'later they/Told me I grew'. The female speaker is thus marginalized to the position of an object under the panoptic gaze of society.

Gradually, the attacks on her female identity increase in frequency and ferocity when the first male pronoun 'he', representing the father-figure, draws 'a youth of sixteen into the/Bedroom', and closes 'the door', or when the second male pronoun 'he', standing for the husband figure, has sex with her, makes her pregnant and makes her a mother– prematurely. Both these male figures are agents of the partriarchal culture and temporarily succeed in deactivating the speaker's female identity as betrayed by her desperate adoption of a male exterior by putting on male attires and wearing the hair short. This act entails an attempt at self-empowerment through deception that had previously been tried by the heroines of Shakespeare's comedies. This deception, however, proves ineffective for the lynx-eyed gaze of culture sees through it. So, the 'categorizers' cry out :

> ... Dress in sarees, be girl,
> Be wife, they said. Be embroiderer, be cook
> Be a quarreller with servants. Fit in. Oh,
> Belong, cried the categorizers. Don't sit
> On walls or peep in through our lace-draped windows.
> Be Amy, or be Kamala. Or, better
> Still, be Madhavikutty. It is time to
> Choose a name, a role. Don't play pretending games.
> Don't play at schizophrenia or be a
> Nympho. Don't cry embarrassingly loud when
> Jilted in love...
> ('An Introduction', SIC 60)

Interestingly, as the excerpt reveals, 'they said' many things, pertaining to the prescribed attire, occupation and identity for and of the female speaker that tantamount to a constrictive bulwark of patriarchal culture against female assertiveness. Choosing 'a name' will determine the role, for names are indicative of genders, and prescribe 'fit' roles for each of the genders. Choosing the 'roles' is the only way an individual can 'fit in' and 'belong', and 'fitting in' is the only way she can be safe. So, she is confined to the inside of the house, destined to perform the household chores, and when she is allowed to assert her superior self-identity, she can do it only by quarrelling with the servants (her inferiors) and not with the husband or the male figure (her superior) who can with impunity 'jilt' her in love. The 'categorizers' condescend to advise her to 'be girl' and to 'be wife', both umbrella terms exclusive of individuality and, therefore, unpleasant to any woman of substance. To abide by the cultural fatwa, she can only be 'Amy' to her grandmother, the pet name, denoting her childhood identity, 'Kamala' to her husband, the name denoting her domesticated identity, or 'better still' 'Madhavikutty' to her Malayali readers, the pseudonym

denoting an adopted and, therefore, an alienated identity.

The female speaker, to be sure, is a resilient individual who can dare to take the assertive step of meeting 'a man' – 'a man' and certainly not 'the man' or her husband. Even after being 'jilted in love' by the husband who could hurt her womanhood by talking of women, sexier than her (MS 62) or by flaunting his homosexuality (MS 87), the lovelorn woman-speaker hazards loving another as an assertion of her indomitable femininity. In face of a constrictive culture of 'categorizers', the cornered individual i.e. the female speaker tries to come up with different identity-formations. She had once tried to borrow the male identity as a constructive alternative. In other words this was the intended replacement of her intrinsic femininity with the extrinsic masculinity. This failing, she again tries to cast off her personal femininity for a more inclusive gender identity.

.... I am every
Woman who seeks love.
('An Introduction', SIC 60)

